দৈনিক বাংলা

12/5/80 ... ...
1 6

28

# বেসরকারী স্কুল ও মাদ্রাসা শিক্ষকদের বেতন স্কেল বিবেচনা করা হচ্ছে

প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান গতকাল বলেন, দেশের শিক্ষক ও ছাত্রদের বর্তমান সমস্যাসমূহ সমাধানে শীগগীরই একটি উপদেষ্টা কমিটি গঠন করা হবে।

বাসসর খবরে বলা হয়, তিনি স্থানীয় একটি হোটেলে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন আয়োজিত এক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তৃতা করছিলেন। তিনি বলেন, সরকার বেসরকারী স্কুল ও মাদ্রাসা শিক্ষকদের জন্য একটি যুক্তিসঙ্গত বেতন স্কেল গঠনের কথা বিবেচনা করছেন এ বেতন স্কেলের অর্ধেক টাকা সরকার দেবেন বলে তিনি জানান।

উপ-প্রধানমন্ত্রী জনাব জামাল-উদ্দিন আহমদ এবং সড়ক রেল ও জলপথ মন্ত্রী জনাব আবদুল আলীম এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ফেডারেশনের আহ্বায়ক মওলানা মতীনও এ অনুষ্ঠানে বক্তৃতা করেন।